DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 15 Aug 2026, 10:57 PM

সারাদেশ

# কুষ্টিয়ায় ডাক্তার দেখাতে এসে ট্রেনের ধাক্কায় গৃহবধূর মৃত্যু

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: বুধবার, ১২ আগস্ট ২০২৬, ১০:১৩ AM




ছবি প্রতিনিধি

কুষ্টিয়ার মিরপুরে ডাক্তার দেখাতে এসে ট্রেনের ধাক্কায় রিনা খাতুন (৩৮) নামে এক গৃহবধূ নিহত হয়েছেন।

মঙ্গলবার (১১ আগস্ট) বিকেল ৫টার দিকে উপজেলার হালসা-খালমাগুরা এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত রিনা খাতুন খালমাগুরা গ্রামের নিয়ামত আলীর মেয়ে।

পোড়াদহ রেলওয়ে থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু হুসাইন বিষয়টি নিশ্চিত করেছেন।

প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে ওসি আবু হুসাইন জানান, রিনা খাতুন মঙ্গলবার বিকেলে ডাক্তার দেখানোর জন্য খালমাগুরা এলাকায় আসেন।

সেখানে রেললাইনের ওপর দাঁড়িয়ে তিনি ডাক্তারের জন্য অপেক্ষা করছিলেন। এ সময় রাজশাহী থেকে খুলনাগামী আন্তনগর কপোতাক্ষ এক্সপ্রেস ট্রেনটি ওই এলাকা অতিক্রম করার সময় তাকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়।

ওসি আরও জানান, আজানের সময় রেললাইনের ওপর দাঁড়িয়ে থাকার কারণে ট্রেনের শব্দ তিনি ঠিকমতো শুনতে পাননি বলে প্রাথমিকভাবে জানা গেছে। দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে।

এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জানিয়েছে পুলিশ।

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**
নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




**শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার**

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---



**ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো**

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/kushtiyay-daktar-dekhate-ese-trener-dhakkay-grihbdhur-mritju